

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি-৬ দ্বিতীয়

বিষয় :- ইতিহাস

একক- আদিম মানুষের বস্ত্রবয়ন ও ভাষা (আবিষ্কার(33-36 পাতা))

প্রশ্নগুলির এককথায় / সংক্ষেপে উত্তর দাও।

1) মানুষের পোশাক তৈরির প্রয়োজন হল কেন?

উ:- মানুষ বনে জঙ্গলে ঘুরে বেড়ানোর সময় রোদ, জল, ঝড়ে কষ্ট পেত। সবচেয়ে বেশি কষ্ট পেত শীতের সময়। মূলত শীতের হাত থেকে বাঁচবার জন্য মানুষের পোশাকের প্রয়োজন হল।

2) প্রথমে কী দিয়ে এবং কীভাবে মানুষ পোশাক তৈরি করেছিল?

উ:- প্রথমে মরা পশুর চামড়া দিয়ে পোশাক তৈরি করেছিল।

পশুর চামড়া রোদে শুকিয়ে তারপর হাড়ের সূঁচ দিয়ে সেলাই করে মানুষ প্রথম পোশাক তৈরি করেছিল।

3) পশুর লোম দিয়ে পোশাক তৈরির প্রয়োজন হল কেন?

উ:- চামড়ার পোশাকে তীব্র শীত আটকানো সম্ভব ছিল না। তাই পশুর লোম দিয়ে পোশাক তৈরির প্রয়োজন হল।

4) "কথা বলতে শিখল মানুষ"- কীভাবে কথা বলতে শিখল মানুষ?

উ:- প্রথম দিকে উ: আ: প্রভৃতি শব্দ করে তারপর ইশারায় অন্যের সঙ্গে ভাব বিনিময় করত। এই উ: আ: শব্দ থেকেই মানুষ ধীরে ধীরে কথা বলতে শিখল।

5) কথা বলতে শিখে মানুষের কী সুবিধা হয়েছিল?

উ:- কথা বলতে শিখে মানুষ নিজের মনের ভাব অন্যকে বোঝাতে পারল।
অন্যের মনের ভাব ও বুঝতে পারল। দলবেঁধে যুক্তি পরামর্শ করতে লাগল।
নিজেদের ভালোমন্দ আলোচনা করে ঠিক করতে লাগল।

6) কোন ঋতুতে আদিম মানুষ সবচেয়ে বেশি কষ্ট পেয়েছে?

উ:- শীতকালে।

7) মানুষ কী পারে যা অন্য প্রাণী পারে না?

উ:- কথা বলতে।

8) বহু রকম ভাষা সৃষ্টি হল কীভাবে?

উ:- পৃথিবীর বিভিন্ন জায়গার আদিম মানুষ বিভিন্ন ভাবে কথা বলার চেষ্টা করে
সফল হল। তবে সেই সব ভাষা একই রকম হল না। এই ভাবে বহু রকম ভাষার
সৃষ্টি হল।

বি:দ্র:

ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য

Comment Box- এ পাঠাও।

- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।